

বিএএফ শাহীন ইংলিশ মিডিয়াম কলেজ  
তেজগাঁও, ঢাকা-১২০৬

দরপত্র বিজ্ঞপ্তি

- ১। বিএএফ শাহীন ইংলিশ মিডিয়াম কলেজের বার্ষিক ম্যাগাজিন (২০২৫-২৬) মুদ্রণের নিমিত্তে মুদ্রণকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।
- ২। আগামী ০৫ জুলাই ২০২৬ ইং তারিখ হতে ১৫ জুলাই ২০২৬ ইং তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতিত) সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় অগ্রণী ব্যাংক বিএএফ শাখা, ঢাকা হতে “বিএএফ শাহীন ইংলিশ মিডিয়াম কলেজ” এর অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) এর বিনিময়ে কলেজ অফিস থেকে দরপত্র শিডিউল সংগ্রহ করা যাবে।
- ৩। দরপত্র আগামী ১৫ জুলাই ২০২৬ ইং তারিখ বেলা ১২:৩০ ঘটিকার মধ্যে কলেজ অফিসে রক্ষিত দরপত্র বাস্তবে জমা দিতে হবে এবং একই দিন বেলা ১৩:০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেউ উপস্থিত থাকে) সামনে খোলা হবে।
- ৪। কার্যাদেশ অনুযায়ী সকল কাজ কলেজে গঠিত পর্ষদ দরপত্রে উল্লেখিত মান অনুযায়ী গ্রহণ করবে।
- ৫। সরকারী নিয়ম অনুযায়ী প্রদত্ত বিল থেকে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ৬। মুদ্রণকারী প্রতিষ্ঠানকে জামানত হিসাবে দরপত্রে উল্লেখিত মোট মূল্যের উপর ৫% হারে (ফেরৎযোগ্য) ‘বিএএফ শাহীন ইংলিশ মিডিয়াম কলেজ’ এর অনুকূলে অগ্রণী ব্যাংক বিএএফ শাখা, ঢাকা হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- ৭। মুদ্রণকারীকে ট্রেড লাইসেন্স, ভ্যাট, আইটি নিবন্ধন এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এর ফটোকপি দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অধ্যক্ষ